

## গণবিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ শাখার স্মারক নম্বর: ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০০৬.২৩- ০৬০, তারিখ : ২৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ অনুসারে এরদ্বারা পঞ্চগড় জেলার সকল উপজেলার সর্বস্থরের জনগণকে অবগত করা যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারি সমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। আগামী ১০ ডিসেম্বর হতে ২৬ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত ১৫ মোট (পনেরো) দিনব্যাপী সারা দেশের ন্যায় পঞ্চগড় জেলার সকল উপজেলাতেও (পঞ্চগড় সদর, তেঁতুলিয়া, আটোয়ারী, বোদা ও দেবীগঞ্জ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক “৪র্থ অর্থনৈতিক শুমারি ২০২৪” বাস্তবায়িত হতে যাচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক নিয়োগকৃত শুমারিকর্মীগণ পরিচয়পত্র সাথে নিয়ে ডিজিটাল পদ্ধতিতে ট্যাবের মাধ্যমে উপজেলার সকল স্থায়ী/অস্থায়ী প্রতিষ্ঠান (সরকারী, বেসরকারি/স্বায়ত্বশাসিত অফিস, হাট বাজার, মার্কেট/শপিং সেন্টার, দোকানপাট, ব্যাংক, বিমা, শিক্ষা প্রতিষ্ঠান, কারখানা, কোম্পানি, এনজিও প্রতিষ্ঠান, ক্লাব, হল, হাসপাতাল, ক্লিনিক, ডায়গনস্টিক সেন্টার, মসজিদ/মন্দির/গির্জা/প্যাগোডা ইত্যাদি), সংরক্ষিত প্রতিষ্ঠান, খানা, পুলিশ লাইনস, জেলখানা, সকল বিজিবি ক্যাম্প, আনছার ভিডিপি ক্যাম্প, বিসিক, ক্ষুদ্র ও কুটির শিল্প, সকল ব্যবসা প্রতিষ্ঠান, বনিক সমিতি কর্তৃক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান, প্রাতিষ্ঠানিক কৃষি খামান এবং কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকান্ডসম্পন্ন খানায় (পরিবার) ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ, আয়-ব্যয় এবং মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহ করবেন। নতুন বৈষম্যহীন বাংলাদেশের প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকশই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ইত্যাদি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে অর্থনৈতিক ইউনিটের অবকাঠামোগত উন্নয়ন ও বিদ্যমান সমস্যা নিরূপণ করে সমস্যা সমাধানের মহা পরিকল্পনা গ্রহণ এবং বিজনেস রেজিস্টার প্রণয়নে এ শুমারির গুরুত্ব অপরিসীম। শুমারিতে প্রদত্ত সকল ব্যক্তিগত তথ্য গোপন রাখা হবে। পরিসংখ্যান আইন ২০১৩ ও শুমারি আইন ১৯৭২ অনুসারে, দেশের সকল খানা ও প্রতিষ্ঠানসহ যে কোন স্থানে শুমারিকর্মীর প্রবেশাধিকার রয়েছে এবং খানায় বসবাসকারী ও প্রতিষ্ঠানে কর্মরত দায়িত্ববান সকল ব্যক্তি তথ্য প্রদানে বাধ্য। তথ্য সংগ্রহে অসহযোগিতা ও তথ্য প্রদানে অপারগতা আইনত দণ্ডনীয় অপরাধ।

অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহে পঞ্চগড় জেলায় মোট ৬৬০ জন তথ্য সংগ্রহকারী, ১২০ জন সুপারভাইজার, ১৮ জন আইসিটি সুপারভাইজার, ১৭ জন জোনাল অফিসার, ০২ জন উপজেলা শুমারি সমন্বয়কারী, ০১ জন জেলা শুমারি সমন্বয়কারী নিয়োজিত রয়েছেন। ০৫-০৮ ডিসেম্বর ২০২৪ এ অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের জন্য পঞ্চগড় জেলায় ১৭ টি জোনে ১৭ টি প্রশিক্ষণ কেন্দ্র ছিল, যেখানে শুমারি কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত তথ্য সংগ্রহকারীগণই উক্ত শুমারির তথ্য সংগ্রহ করবেন।

বর্ণিতবস্থায়, জাতীয়/রাষ্ট্রীয় এ গুরুত্বপূর্ণ কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের নিয়োজিত শুমারি কর্মীদের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে সর্বাধিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলে।

.....  
.....  
.....

আবু সালাহ মোঃ রক্বানী

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা পরিসংখ্যান কার্যালয়, পঞ্চগড়

☎ : +৮৮০২৫৮৯৯৪১০৪৭

☎ : ০১৭১০৪৫৩৮৭৫

✉ : [ddpanchagarh@gmail.com](mailto:ddpanchagarh@gmail.com)

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), পঞ্চগড়।
- ০৩। সহকারী কমিশনার(ভূমি), (সকল), পঞ্চগড়।
- ০৪। যুগ্মপরিচালক বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রংপুর।
- ০৫। চেয়ারম্যান (সকল).....ইউনিয়ন পরিষদ, পঞ্চগড়।
- ০৬। শাখা ব্যবস্থাপক (সকল) তফসিলি ব্যাংকসমূহ, পঞ্চগড়।
- ০৭। সংশ্লিষ্ট সংস্থা/দপ্তর.....।
- ০৮। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান.....।
- ০৯। অফিস কপি।